



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ



ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-৪৫

০৯ কার্তিক, ১৪২৮

তারিখ :

২৫ অক্টোবর, ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

**পর্যটন খাতের হোটেল/মোটেল/থিম পার্ক-এর কর্মচারীদের বেতন-ভাতা পরিশোধের লক্ষ্যে ব্যাংক ব্যবস্থার মাধ্যমে
৪ শতাংশ হার সুদ/মুনাফায় ওয়ার্কিং ক্যাপিটাল ঋণ/বিনিয়োগের বিপরীতে পুনঃঅর্থায়ন প্রদান প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে ১৫ জুলাই, ২০২১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-১৬ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা
যাচ্ছে।

২। উক্ত সার্কুলারের ৯ নং ক্রমিক অনুযায়ী COVID-19-এ ক্ষতিগ্রস্ত পর্যটন খাতের হোটেল/মোটেল/থিম পার্ক-এর
কর্মচারীদের বেতন ভাতা পরিশোধের লক্ষ্যে Working Capital under Stimulus Package (Tourism Sector)-এর
আওতায় ঋণ/বিনিয়োগ প্রদানের নিমিত্তে তারল্য সরবরাহ নিশ্চিতকল্পে এ খাতে তফসিলি ব্যাংক কর্তৃক বিতরণকৃত ঋণ/বিনিয়োগের
৫০% অর্থ বাংলাদেশ ব্যাংকের নিকট হতে পুনঃঅর্থায়ন হিসেবে গ্রহণ করা যাবে। কোন তফসিলি ব্যাংক হতে ওয়ার্কিং ক্যাপিটাল
ঋণ/বিনিয়োগ সুবিধা ভোগকারী পর্যটন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে (হোটেল/মোটেল/থিম পার্ক) বর্তমানে কর্মরত কর্মচারীদের বেতন-ভাতা
পরিশোধের লক্ষ্যে ৩১ ডিসেম্বর, ২০২০ তারিখ ভিত্তিতে বিদ্যমান ওয়ার্কিং ক্যাপিটাল সুবিধা বাবদ মঞ্জুরীকৃত/প্রদত্ত সীমার সর্বোচ্চ
৩০% এবং এরূপ ক্ষতিগ্রস্ত যে সকল প্রতিষ্ঠান বর্তমানে ব্যাংক হতে ওয়ার্কিং ক্যাপিটাল ঋণ/বিনিয়োগ সুবিধা ভোগ করছে না সে
সকল প্রতিষ্ঠানের ক্ষেত্রে ঋণ প্রদান/বিনিয়োগ সম্পাদনে অগ্রহী ব্যাংকের বিদ্যমান নীতিমালার আওতায় ওয়ার্কিং ক্যাপিটাল সুবিধা
বাবদ সম্ভাব্য ঋণ/বিনিয়োগ প্রাপ্যতার সীমার সর্বোচ্চ ৩০% ধরে সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক বিতরণকৃত ঋণের/সম্পাদিত বিনিয়োগের
বিপরীতে উক্ত পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করা যাবে। এক্ষেত্রে বর্ণিত প্রণোদনার আওতায় ঋণ/বিনিয়োগ মঞ্জুরী, বিতরণ ও বাংলাদেশ
ব্যাংক হতে পুনঃঅর্থায়ন গ্রহণে নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণীয় হবে:-

- আলোচ্য প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ বিতরণ/বিনিয়োগ সম্পাদনের বিপরীতে পুনঃঅর্থায়ন গ্রহণের জন্য ০১
নভেম্বর ২০২১ হতে ৩১ অক্টোবর ২০২২ পর্যন্ত সময়ের মধ্যে আবেদন করতে হবে।
- আলোচ্য প্রণোদনা প্যাকেজের আওতায় পুনঃঅর্থায়ন গ্রহণে ইচ্ছুক ব্যাংক কর্তৃক ডিপার্টমেন্ট অব অফ-সাইট
সুপারভিশন এর সাথে একটি অংশগ্রহণমূলক চুক্তি স্বাক্ষর করতে হবে।
- পুনঃঅর্থায়ন গ্রহণের জন্য মহাব্যবস্থাপক, ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন বরাবর আবেদন (সংযোজনী-ক
অনুযায়ী) দাখিল করতে হবে।
- বিতরণকৃত ঋণ/সম্পাদিত বিনিয়োগের বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধা আলোচ্য প্রণোদনা প্যাকেজের আওতায় চাওয়া
হয়েছে মর্মে প্রতিটি আবেদনের সাথে ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়ন পত্র
(সংযোজনী-খ অনুযায়ী) দাখিল করতে হবে।
- আলোচ্য প্রণোদনা প্যাকেজের আওতায় প্রতিটি গ্রাহকের (পুরাতন/নতুন) অনুকূলে ঋণ/বিনিয়োগ সীমা (বিদ্যমান
ওয়ার্কিং ক্যাপিটাল সুবিধার অথবা প্রাপ্যতার পরিমাণের সর্বোচ্চ ৩০%) নির্ধারণ সংক্রান্ত হিসাবায়ন নির্ধারিত ছকে
(সংযোজনী-গ অনুযায়ী) আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে এবং এ সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি বাংলাদেশ
ব্যাংকের চাহিদা মোতাবেক সরবরাহের জন্য সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক সংরক্ষণ করতে হবে।
- বিতরণের প্রকৃতির উপর ভিত্তি করে আলোচ্য প্রণোদনা প্যাকেজের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা নিম্ন বর্ণিত শর্ত
সাপেক্ষে এককালীন/কিস্তিতে গ্রহণ করা যাবে:

চলমান পাতা/০২

(১) বকেয়া বেতন ভাতা পরিশোধের লক্ষ্যে এককালীন অর্থ বরাদ্দের ক্ষেত্রেঃ

- যে তারিখ/মাস হতে কর্মচারীদের বেতন বকেয়া আছে তার অব্যবহিত পূর্বের ৩ মাসের বেতনের গড় পরিমাণকে ভিত্তি ধরে সকল হিসাবায়ন সম্পন্ন করতে হবে।
- বকেয়া বেতন সংশ্লিষ্ট মাসগুলোতে কর্মরত কর্মচারীদের প্রকৃত সংখ্যা অনুসারে পরিশোধযোগ্য বেতনের পরিমাণ হিসাবায়ন করতে হবে।
- অনুচ্ছেদ ১(ii) অনুযায়ী প্রতি মাসের জন্য হিসাবায়িত বেতনের মোট পরিমাণ প্রণোদনা প্যাকেজের আওতায় নির্ধারিত পরিমাণ (সর্বোচ্চ ৩০%) পর্যন্ত এককালীন বিতরণ করা যাবে। বিতরণকৃত অর্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত তালিকা অনুসারে সরাসরি সংশ্লিষ্ট কর্মচারীদের ব্যাংক হিসাব/MFS হিসাবে আকলন করতে হবে এবং অর্থ প্রেরণের প্রমাণপত্র সংশ্লিষ্ট ব্যাংক-কে সংরক্ষণ করতে হবে। এরূপ প্রমাণপত্র বাংলাদেশ ব্যাংকের চাহিদা মোতাবেক প্রদর্শন করতে হবে বা নির্দেশিত হলে বাংলাদেশ ব্যাংকে দাখিল করতে হবে।
- গ্রাহক ঋণ/বিনিয়োগ গ্রহণের ১ বছরের মধ্যে যে কোন সময় উক্ত ঋণ/বিনিয়োগের সম্পূর্ণ/আংশিক আসল পরিশোধ করলে পরিশোধিত অর্থ ফেরত প্রদানের ১০ দিনের মধ্যে বাংলাদেশ ব্যাংককে বিষয়টি অবহিত করতে হবে।

(২) মাসিক ভিত্তিতে বেতন ভাতা পরিশোধের লক্ষ্যে কিস্তিতে অর্থ বরাদ্দের ক্ষেত্রেঃ

- সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের আবেদনের ভিত্তিতে ব্যাংক প্রকৃত চাহিদার পরিমাণ হিসাবায়নপূর্বক ঋণ/বিনিয়োগ বিতরণ/সম্পাদন করবে এবং বিতরণকৃত অর্থের সদ্ব্যবহার (কর্মচারীদের ব্যাংক হিসাব/MFS হিসাবে অর্থ স্থানান্তরের প্রমাণ) যাচাইপূর্বক বাংলাদেশ ব্যাংক হতে পুনঃঅর্থায়ন গ্রহণের জন্য আবেদন করবে।
- প্রণোদনা প্যাকেজের সময়ের আওতায় প্রতিটি মাসের বেতন প্রদানের নিমিত্তে গৃহীত ঋণ/বিনিয়োগ পরিশোধের জন্য গ্রাহক ঋণ/বিনিয়োগ গ্রহণের তারিখ হতে ১ বছর সময় প্রাপ্ত হবেন।
- অনুরূপভাবে ব্যাংক কর্তৃক প্রতিটি মাসে গ্রাহকের নতুন ব্যাংক হিসাবে প্রদানকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে পুনঃঅর্থায়ন গ্রহণ করা হলে তা পরিশোধে ব্যাংক পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে ১ বছর সময় প্রাপ্ত হবে।
- অনুচ্ছেদ ১(iv) এর অনুরূপ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ছ) বিআরপিডি সার্কুলার নং-১৬/২০২১ অনুযায়ী পুনঃঅর্থায়ন সুবিধার বিপরীতে সুদের হার হবে ৪% যা পুনঃঅর্থায়নকৃত অর্থের স্থিতির ভিত্তিতে হিসাবায়নপূর্বক ত্রৈমাসিক ভিত্তিতে (মার্চ, জুন, সেপ্টেম্বর ও ডিসেম্বর) বাংলাদেশ ব্যাংকে রক্ষিত সংশ্লিষ্ট ব্যাংকের টাকা চলতি হিসাব বিকলনের মাধ্যমে আদায় করা হবে। পুনঃঅর্থায়ন সুবিধার মেয়াদপূর্তিতে সুদসহ সম্পূর্ণ আসল আদায় করা হবে।

জ) পুনঃঅর্থায়নের আবেদনের সাথে নিম্নোক্ত দলিলাদি দাখিল করতে হবেঃ

- প্রণোদনা প্যাকেজের আওতায় বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধা চাওয়া হয়েছে মর্মে ব্যাংকের প্রধান নির্বাহী কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়ন পত্র;
- গ্রাহকের (পুরাতন/নতুন) অনুকূলে ঋণ/বিনিয়োগ সীমা (সর্বোচ্চ ৩০%) নির্ধারণ সংক্রান্ত হিসাবায়ন ছক;
- পুনঃঅর্থায়ন গ্রহণের পরিমাণ নির্ধারণ সংক্রান্ত হিসাবায়ন ছক (সংযোজনী-ঘ অনুযায়ী);
- গ্রাহকের অনুকূলে ঋণ বিতরণ/বিনিয়োগ প্রদানের মঞ্জুরীপত্র;
- গ্রাহকের ঋণ/বিনিয়োগ হিসাব বিবরণী;
- প্রাপ্যতা অনুযায়ী সম্পূর্ণ আসলসহ সম্ভাব্য সুদের পরিমাণের উপর (সংযোজনী-ঙ অনুযায়ী) Demand Promissory Note।

৩। পুনঃঅর্থায়ন সংক্রান্ত তথ্যাদি সংযোজনী-ঘ অনুযায়ী প্রতি মাসের ১০ তারিখের মধ্যে অত্র বিভাগে দাখিল করতে হবে।

৪। বিআরপিডি সার্কুলার নং-১৬/২০২১ এর অন্যান্য শর্ত ও নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

এই নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ আনোয়ারুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০০৯৩

সূত্রঃ

তারিখঃ

মহাব্যবস্থাপক

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

প্রিয় মহোদয়,

বিআরপিডি সার্কুলার নং-১৬/২০২১ এর আওতায় পুনঃঅর্থায়ন প্রাপ্তির আবেদন।

শিরোনামোক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, ১৫ জুলাই ২০২১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-১৬ এর আওতায় -----/২০** (মাসের নাম) এ মোট -----টি ঋণ/বিনিয়োগের বিপরীতে আমাদের ব্যাংক কর্তৃক মোট ----- টাকা অর্থায়ন করা হয়েছে। উক্ত অর্থায়নের বিপরীতে বিআরপিডি সার্কুলার নং-১৬/২০২১ এ বর্ণিত স্কিম হতে পুনঃঅর্থায়ন প্রাপ্তির লক্ষ্যে ----- অক্টোবর ২০২১ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং----- এর নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় দলিলাদি এতদসঙ্গে দাখিল করা হলো।

এমতাবস্থায়, বিআরপিডি সার্কুলার নং-১৬/২০২১ এ বর্ণিত পুনঃঅর্থায়ন স্কিম হতে অত্র ব্যাংকের অনুকূলে মোট ----- টাকা (কথায় -----) পুনঃঅর্থায়ন প্রদান করার জন্য আপনাদের অনুরোধ জানানো হলো।

আপনাদের বিশ্বস্ত,

(-----)

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী/বিদেশী ব্যাংকের ক্ষেত্রে
বাংলাদেশ অপারেশনের প্রধান

ফোনঃ

ই-মেইলঃ

বিআরপিডি সার্কুলার নং-১৬/২০২১ এর আওতায় বিতরণকৃত ঋণ/সম্পাদিত বিনিয়োগ সংক্রান্ত প্রত্যয়নপত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, ১৫ জুলাই ২০২১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-১৬ এ উল্লিখিত সকল নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক -----(মাসের নাম)/২০** মাসে বিতরণকৃত ঋণ/সম্পাদিত বিনিয়োগের বিপরীতে আলোচ্য পুনঃঅর্থায়ন সুবিধা চাওয়া হয়েছে।

(-----)

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী/বিদেশী ব্যাংকের ক্ষেত্রে
বাংলাদেশ অপারেশনের প্রধান (সীলসহ স্বাক্ষর)

Statement regarding Fixation of Stimulus Loan Amount as Working Capital (WC) under BRPD Circular No.-16/2021

Bank Name	
Date	

(Tk. in thousand)

Sl. No.	Customer Name	Limit of		30% of the Limit of		Limit Sanctioned by the Bank
		Existing WC	Newly Sanctioned WC	Existing WC	Newly Sanctioned WC	
a	b	c	d	e	f	g
Total						

Signature of the responsible officer

Name :

Designation :

ID number :

Contact No. :

Office phone

Cell :

Email :

Statement regarding *Refinance for Hotels/Motels/Theme Parks Under BRPD Circular No.-16/2021

Bank Name	
Date of Submission of the Statement	
Reporting Date (Last day of the preceding month)	

(Tk. In thousands)

Sl. No.	Customer Name	Limit Sanctioned by the Bank	Value Dates		**Balance in OD A/C at the Reporting Date		Refinance Amount		
			Disbursement	Expiry	Total	Interest and Other Charges	Eligible	Availed	New
a	b	c	d	e	f	g	$h=(f-g)/2$	i	$j=h-i$
					0.00	0.00	0.00		0.00
							0.00		0.00
							0.00		0.00
							0.00		0.00
							0.00		0.00
Total					0.00	0.00	0.00	0.00	0.00

* All existing exposures along with new refinance request (if any) under this Refinance Scheme should be reported in every month.

** Day end balance of the last day of the month concerned

Signature of the responsible officer

Name :

Designation :

ID number :

Contact No. :

Office

phone

Cell :

Email :

Demand Promissory Note

Amount: Taka.....

Date:

For value received,

We, (Name of the Bank), Borrower, promise to pay to BANGLADESH BANK or by order of the BANGLADESH BANK the sum of Taka (both in figure and in words), with 4% interest/profit thereon calculated quarterly from the date of receipt of the value under the Scheme “Refinance scheme for providing working capital loan/investment facilities to give salary to the employees of hotels/motels/theme parks of Tourism Sector”.

(Signature of the Managing Director/CEO of the Bank with SEAL)